গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ,ঢাকা
বেসসরকারি কলেজ শাখা
www.dshe.gov.bd

স্মারক নং- ৩৭.০২.০০০০.১০৫.৩১.০২৬.২০২৩/১০৫৭/৭ তারিখ:২৮/০৩/২০২৪খ্রি.

বিষয়ঃ **ভারপ্রাপ্ত অধ্যক্ষ পদে দায়িত্ব প্রদান।**

সূত্র: ১। অভিভাবক সদস্য জনাব মোঃ মোস্তাফিজুর রহমান গং কর্তৃক গত ০৭/০৮/২০২৩ খ্রি. তারিখের আবেদন।
২। মাউশি'র স্মারক নং- ৩৭.০২.০০০০.১০৫.৩১.০২৬.২০২৩/৪৮১৪/৬; তারিখ: ২৪/০৯/২০২৩খ্রি.
৩। নড়াইল সরকারি মহিলা কলেজের স্মারক নং-নসমক/২০২৩/২৭৫; তারিখ:১৪/১১/২০২৩খ্রি.
৪। মাউশি'র স্মারক নং- ৩৭.০২.০০০০.১০৫.৩১.০২৬.২০২৩/৫৯৭/৫; তারিখ: ১১/০২/২০২৩খ্রি.
৫। শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-৩৭.০০.০০০০.০৭৪.০০২.০০১.২০২১.৫১;তারিখ: ০৫/০২/২০২৪খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, নড়াইল জেলায় লোহাগড়া উপজেলাধীন নবগঙ্গা ডিগ্রী কলেজে স্বেচ্ছায় চাকরি থেকে পদত্যাগকারী অধ্যক্ষ জনাব মোঃ মোশারফ হোসেন মোল্লাকে পুনরায় অবৈধভাবে অধ্যক্ষ হিসেবে নিয়োগ করায় সূত্রোস্থ (১) মোতাবেক মাউশিতে অভিযোগ দাখিল করেছেন। দাখিলকৃত অভিযোগের পরিপ্রেক্ষিতে সূত্রোস্থ ২ মোতাবেক তদন্ত কর্মকর্তা মনোনয়ন দেয়া হয়। তদন্ত কর্মকর্তা কর্তৃক সূত্রোস্থ ৩ মোতাবেক তদন্ত প্রতিবেদন মাউশিতে দাখিল করেন। তদন্ত কর্মকর্তার মতামতের প্রেক্ষিতে জনাব মোঃ মোশারফ হোসেন মোল্লা স্বেচ্ছায় অবসর গ্রহণ করে পরবর্তীতে অধ্যক্ষ পদে পুনর্বহালের বিষয়টি বিধি সম্মত না হওয়ায় সূত্রোস্থ (৪) মোতাবেক সংশ্লিষ্টদেরকে কারণ দর্শানো এবং ব্যাখ্যা/মতামত দাখিল করার জন্য পত্র দেয়া হয়।

বর্ণিত বিষয়ে তদন্ত কর্মকর্তার মতামতের প্রেক্ষিতে জনাব মোঃ মোশারফ হোসেন মোল্লা স্বেচ্ছায় অবসর গ্রহণ করে পরবর্তীতে অধ্যক্ষ পদে পুনর্বহালের বিষয়টি বিধি সম্মত না হওয়ায় তাকে অধ্যক্ষ পদে পুনর্বহালের এবং অফিসিয়াল কোন দায়িত্ব প্রদানের সুযোগ নেই।

এমতাবস্থায়, পরবর্তী অধ্যক্ষ নিয়োগের পূর্ব পর্যন্ত সূত্রোস্থ (৫) অনুযায়ী ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব প্রদান করে আগামী ০৩(তিন) কর্মদিবসের মধ্যে এ অধিদপ্তরকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

28.03.24

সভাপতি
নবগঙ্গা ডিগ্রী কলেজ
লোহাগড়া,নড়াইল

(তপন কুমার দাস)
সহকারী পরিচালক (ক-৩)
ফোন নং-৯৫৫৬০৫৭
ই-মেইল: ncollege@dshe.gov.bd

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):-
১। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, খুলনা অঞ্চল, খুলনা (প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ);
২। জেলা শিক্ষা অফিসার, নড়াইল (প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ);
৩। অধ্যক্ষ (ভারপ্রাপ্ত), নবগঙ্গা ডিগ্রী কলেজ,লোহাগড়া,নড়াইল;
৪। জনাব মোঃ মোশারফ হোসেন মোল্লা, প্রাক্তন অধ্যক্ষ, নবগঙ্গা ডিগ্রী কলেজ,লোহাগড়া,নড়াইল;
৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, EMIS সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ);
৬। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, লোহাগড়া, নড়াইল (পত্রটি প্রাপকের নিকট পৌঁছানোর অনুরোধ সহ);
৭। সংরক্ষণ নথি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বেসরকারি মাধ্যমিক-৩ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.shed.gov.bd

স্মারক নং ৩৭.০০.০০০০.০৭৪.০০২.০০১.২০২১.৫১

তারিখ ২২ মাঘ, ১৪৩০ / ০৫ ফেব্রুয়ারি, ২০২৪

## পরিপত্র

কোন স্কুল বা কলেজে কর্মরত অধ্যক্ষ/প্রধান শিক্ষকের পদ শূন্য হলে বা তিনি ছুটিতে গেলে অধ্যক্ষ/প্রধান শিক্ষকের শূন্য পদে দায়িত্ব প্রদানের ক্ষেত্রে নিম্নরূপ নির্দেশাবলী অনুসরণ করতে হবে:

(ক) প্রতিষ্ঠানটি মাধ্যমিক বিদ্যালয় অথবা স্নাতক (পাস) কলেজ হলে, সহকারী প্রধান শিক্ষক/উপাধ্যক্ষ ব্যতিত অন্য কোন শিক্ষককে প্রধান শিক্ষক/অধ্যক্ষের দায়িত্বভার অর্পন করা যাবে না। তবে সহকারী প্রধান শিক্ষক/উপাধ্যক্ষের পদ শূন্য থাকলে কর্মরত শিক্ষকদের মধ্য থেকে জ্যেষ্ঠতম সহকারী শিক্ষক/জ্যেষ্ঠতম সহকারী অধ্যাপককে প্রধান শিক্ষক/অধ্যক্ষের দায়িত্ব প্রদান করতে হবে।

(খ) প্রতিষ্ঠানটি উচ্চমাধ্যমিক বিদ্যালয় হলে, সহকারী প্রধান শিক্ষককে (গ্রেড-৮) প্রতিষ্ঠানের অধ্যক্ষ/প্রধান শিক্ষকের দায়িত্বভার অর্পন করা যাবে না। প্রতিষ্ঠানে কর্মরত জ্যেষ্ঠ প্রভাষক/সহকারী অধ্যাপকদের (গ্রেড-৬) মধ্য থেকে জ্যেষ্ঠতম জ্যেষ্ঠ প্রভাষক/ জ্যেষ্ঠতম সহকারী অধ্যাপককে অধ্যক্ষের দায়িত্ব প্রদান করতে হবে।

(গ) প্রতিষ্ঠানটি নিম্নমাধ্যমিক বিদ্যালয় অথবা উচ্চমাধ্যমিক কলেজ হলে প্রতিষ্ঠানে কর্মরত সহকারী শিক্ষক/জ্যেষ্ঠ প্রভাষক/সহকারী অধ্যাপকদের মধ্য থেকে জ্যেষ্ঠতম সহকারী শিক্ষক/জ্যেষ্ঠতম জ্যেষ্ঠ প্রভাষক/জ্যেষ্ঠতম সহকারী অধ্যাপককে দায়িত্ব প্রদান করতে হবে।

(ঘ) জ্যেষ্ঠতম সহকারী শিক্ষক/জ্যেষ্ঠতম জ্যেষ্ঠ প্রভাষক/জ্যেষ্ঠতম সহকারী অধ্যাপক নির্বাচনের ক্ষেত্রে প্রথম এমপিওভুক্তির তারিখ, একই তারিখে এমপিওভুক্ত হলে যোগদানের তারিখ এবং যোগদানের তারিখ একই হলে বয়সের দিক থেকে বয়োজ্যেষ্ঠ শিক্ষককে জ্যেষ্ঠতম গণ্য করতে হবে। একইভাবে একই বয়সের দুই জন হলে উচ্চতর শিক্ষাগত যোগ্যতা সম্পন্ন শিক্ষককে জ্যেষ্ঠতম গণ্য করতে হবে।

০২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

স্বাক্ষরিত/-
তারিখ: ০৫.০২.২০২৪
(সোলেমান খান)
সচিব
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়

স্মারক নং-৩৭.০০.০০০০.০৭৪.০০২.০০১.২০২১.৫১

তারিখ: ২২ মাঘ, ১৪৩০ / ০৫ ফেব্রুয়ারি, ২০২৪

সদয় অবগতি/কাযার্থে (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়):

১. মহাপরিচালক, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস), পলাশী, নীলক্ষেত, ঢাকা।
২. চেয়ারম্যান, বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ), ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা।
৩. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৪. জেলা প্রশাসক.................. (সকল)।
৫. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ........................অঞ্চল (সকল)।
৭. সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৮. উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, .....................অঞ্চল (সকল)।
৯. সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

১০. জেলা শিক্ষা অফিসার.............................................. (সকল)।
১১. উপজেলা নির্বাহী অফিসার, .................................... (সকল)।
১২. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ............................(সকল)।
১৩. অধ্যক্ষ/প্রধান শিক্ষক, ..................................................... ।
১৪. অফিস কপি।

০৫-০২-২৪

(মোহাম্মদ তৌহিদুল ইসলাম)
সিনিয়র সহকারী সচিব
ফোন : ৯৫৪০৫১৭
ই-মেইল: nongovt.secondary.sec3@shed.gov.bd